

বিজ্ঞপ্তি

মদনমোহন কলেজ, সিলেট থেকে ২০২০ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের পরীক্ষার দাখিলা ফরম পূরণের কাজ নিম্নলিখিত তারিখে অনুষ্ঠিত হবে।

১. আবেদন ফরম অনলাইনে পূরণ ও কলেজে জমাদানের তারিখ :

আবেদনকারীকে নিজে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.nubd.info/honours -এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে। অতঃপর আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে দুই কপি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। প্রিন্ট ফরম, পরীক্ষার ফিস, বকেয়া বেতন পরিশোধের রসিদ এবং নিম্নলিখিত কাগজপত্রসহ স্ব-স্ব বিভাগে জমাদানের তারিখ : ০৭, ০৮, ০৯ নভেম্বর, ২০২১।

২. পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা :

- ক) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রী যারা ১ম বর্ষ, ২য় বর্ষ ও তৃতীয়বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে উক্ত পরীক্ষায় অংশ গ্রহণ কর-ত পার-ব।
- খ) ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রী যারা ২০১৯ সালের অনার্স চতুর্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল পত্রে এফ গ্রেড পেয়েছে তারা উক্ত পরীক্ষায় এফ গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করতে পারবে।
- গ) ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীদের মধ্যে যারা ২০১৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩. ফরম জমাদানের সময় দেয় কাগজপত্র : অনার্স ১মবর্ষ, ২য়বর্ষ, ৩য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, ফলাফল শীটের ফটোকপি এবং এক কপি পাসপোর্ট সাইজের ছবি।

৪. পরীক্ষার ফিস

: নিয়মিত/অনিয়মিত : ৩,৭৫০.০০ (তিন হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র)

১ পত্র : ১,১০০.০০, ২ পত্র : ১,৩৫০.০০, ৩ পত্র : ১,৬০০.০০, ৪ পত্র : ১,৮৫০.০০

পরীক্ষা ফিসের টাকা মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, জিন্দাবাজার শাখায় জমা দিয়ে রসিদসহ ফরম জমা দিতে হবে।

৫. যাদের বেতন বকেয়া রয়েছে তাদেরকে ফরম পূরণের পূর্বে বেতন অবশ্যই পরিশোধ করতে হবে।

৬. নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের কোনো সুযোগ নেই।